

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২২৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৯. মুসাফির কখন পূর্ণ সালাত আদায় করবে?

باب مَتَى يُتِمُّ الْمُسَافِرُ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، ح وَحَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى، أَخْبَرَنَا ابْنُ عُلَيَّةَ، _ وَهَذَا لَفْظُهُ _ أَخْبَرَنَا عَلِيُّ بْنُ زَيْدٍ، عَنْ أَبِي نَضْرَةَ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، قَالَ : غَزَوْتُ مَعَهُ الْفَتْحَ، فَأَقَامَ بِمَكَّةَ قَالَ : غَزَوْتُ مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم وَشَهِدْتُ مَعَهُ الْفَتْحَ، فَأَقَامَ بِمَكَّةَ ثَمَانِيَ عَشْرَةَ لَيْلَةً لَا يُصَلِّي إِلَا رَكْعَتَيْنِ وَيَقُولُ " يَا أَهْلَ الْبَلَدِ! صَلُّوا أَرْبَعًا فَإِنَّا قَوْمٌ سَفْرٌ "

_ ضعیف

বাংলা

১২২৯। 'ইমরান ইবনু হুসাইন (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে যুদ্ধে অংশগ্রহণ করেছি এবং মক্কাহ বিজয়ের দিনেও তাঁর সাথে ছিলাম। তিনি মক্কায় আঠার দিন অবস্থান করেন। এ সময় তিনি (ফারয) সালাত দু' রাক্'আত আদায় করেন এবং বলেনঃ হে শহরবাসী! তোমরা চার রাক'আত সালাত আদায় করবে। কেননা আমরা মুসাফির সম্প্রদায় (তাই চার রাক'আতের স্থলে দু' রাকআত আদায় করেছি)।[1]

দুর্বল।

English

Narrated Imran ibn Husayn:

I went on an expedition with the Messenger of Allah (ﷺ), and I was present



with him at the conquest. He stayed eighteen days in Mecca and prayed only two rak'ahs (at each time of prayer). And he said: You who live in the town must pray four; we are travellers.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ সালাত কাসর করা, হাঃ ৫৪৫), আহমাদ (৪/৪৩০), ইবনু খুয়াইমাহ (হাঃ ১৬৪৩) সকলে 'আলী ইবনু ইয়ায়ীদ ইবনু জাদ'আন হতে। এর সানাদ দুর্বল। সনদে 'আলী ইবনু ইয়ায়ীদ ইবনু জাদ'আন দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন